গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ –এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭**

## সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণী | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| ২. | উপক্রমনিকা (Preamble) | ৪ |
| ৩. | **সেকশন-১:** বিপিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| ৪. | **সেকশন-২:** বিপিসি'র বিভিন্ন কার্যক্রমের প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫. | **সেকশন-৩:** কৌশলগত উদ্দেশ্য: অগ্রাধিকার কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| ৬. | **সংযোজনী-১:** শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| ৭. | **সংযোজনী-২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১২ |
| ৮. | **সংযোজনী-৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৩ |

## বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of BPC)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিপিসি বিগত তিন বছরে মোট ৩৭,৭৬,০৯০.৫৪ মেঃটন অপরিশোধিত এবং ১,১৯,৫৮,৯৬৯.৪২ মেঃটন পরিশোধিত জ্বালানী তেল আমদানী এবং একই সময়ে মোট ২,০৯,০০৫.৭২ মেঃটন ন্যাফথা রপ্তানী করেছে। আমদানী ও রপ্তানী প্রক্রিয়া দক্ষ করার লক্ষ্যে এবং জ্বালানি তেল গ্রহণ, মজুদ ও সরবরাহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে জ্বালানি তেল পরিমাপের ক্ষেত্রে ম্যানুয়েল সিস্টেম এর পরিবর্তে আধুনিক 'রাডার টাইপ অটো-ট্যাংক গেজিং' সিস্টেম এবং চট্টগ্রামের হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এবং সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দরে উড়োজাহাজে আধুনিক পদ্ধতিতে ও নিরাপদে জ্বালানি তেল সরবরাহের লক্ষ্যে হাইড্রেন্ট সিস্টেম চালু করা হয়েছে। সর্বোপরি, বিগত জানুয়ারী - মার্চ ২০১৬-এর অস্থিতিশীল সময়ে সারাদেশে তেল সরবরাহ নিশ্চিত করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ**

জ্বালানি তেল আমদানি ও দেশের অভ্যন্তরে পরিবহনের ক্ষেত্রে বর্তমান লাইটারেজ ও পরিবহন ব্যবস্থা সময় ও ব্যয় সাপেক্ষ। এই লাইটারেজ ও পরিবহন ব্যবস্থা থেকে সময় ও ব্যয় সাশ্রয়ী পদ্ধতিতে উত্তরণ বিপিসি'র জন্য অন্যতম বড় চ্যালেঞ্জ। এছাড়া খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বোরো মৌসুমে সারাদেশে নিরবচ্ছিন্ন ডিজেল সরবরাহ নিশ্চিত করাও বিপিসি'র জন্য একটি চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

আমদানিতব্য জ্বালানী তেল মাদার ট্যাংকার হতে দ্রুত, নিরাপদ, সুষ্ঠু এবং নিরবচ্ছিন্নভাবে খালাসের জন্য কক্সবাজার জেলার মহেশখালীর নিকটে বঙ্গোপসাগরে "ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। বর্তমান রিফাইনারীর পরিশোধন ক্ষমতা ১৫.০০(পনের) লক্ষ মেট্রিক টন থেকে ৪৫.০০(পঁয়তাল্লিশ) লক্ষ মেট্রিক টনে বৃদ্ধির জন্য "ইনস্টলেশন অব ইআরএল ইউনিট-২" প্রকল্প গ্রহণ করা হয়েছে। উভয় প্রকল্প আগামী ২০১৮-২০১৯ অর্থ বছরে সমাপ্ত হবে মর্মে আশা করা যায়। এছাড়া পিতলগঞ্জ থেকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে জেট ফুয়েল এবং চট্রগ্রাম থেকে ঢাকা পর্যন্ত জ্বালানি তেল পাইপলাইনের মাধ্যমে পরিবহনের প্রকল্প হাতে নেয়া হয়েছে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- প্রতিটি পেট্রোল পাম্পে গড়ে ৬ জন কর্মচারী কাজ করে। পেট্রোল পাম্পেরসংখ্যা ক্রমশ বৃদ্ধি করা হচ্ছে তাতে কর্মক্ষেত্র বৃদ্ধির সাথে সাথে দরিদ্র জনগোষ্ঠির আয় বৃদ্ধি পাবে।
- জ্বালানী তেলের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পাওয়ায় জনগণ সরাসরি উপকৃত হবে। এতে কর্মঘন্টার অপচয় হ্রাস পাবে এবং নতুন নতুন কল-কারখানা স্থাপিত হবে। ফলে নতুন চাকুরীর সুযোগ সৃষ্টি হবে। কর্মক্ষেত্র বৃদ্ধির সাথে সাথে দরিদ্র জনগোষ্ঠির সংখ্যা হ্রাস পাবে।
- কৃষি, যোগাযোগ, শিল্প ও বিদ্যুৎ খাতের উন্নয়নে জ্বালানী তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ।
- পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্যাদির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ।

## উপক্রমনিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর চেয়ারম্যান

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৭.. তারিখ এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## <u>সেকশন -১:</u>

**<u>কর্পোরেশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি:</u>**

**১.১ <u>রূপকল্প</u>** <u>(Vision)</u>:দেশে জ্বালানি তেলের যোগান ও নিরাপত্তা নিশ্চিতকরণ।

**১.২ <u>অভিলক্ষ্য</u>** <u>(Mission)</u>: পেট্রোলিয়াম পণ্যের বিভিন্ন উৎস অনুসন্ধান, আমদানী বা আহরণ, উন্নয়ন, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশে জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করা।

**১.৩ <u>কৌশলগত উদ্দেশ্যসমূহ</u>** <u>(strategic objectives)</u>:

**১.৩.১ কর্পোরেশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ক্রুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানী;

২. ক্রুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য সামগ্রী উৎপাদন;

৩. পেট্রোলিয়ামজাত পণ্য গুদামজাতকরণ এবং বিপণন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. উদ্ভাবন ও প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ **<u>কার্যাবলি</u>** <u>(Functions)</u>:

১. ১৯৭৪ সালের বাংলাদেশ পেট্রোলিয়াম এ্যাক্ট (অধ্যাদেশ নং- ৬৯) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন অর্ডিন্যান্স ১৯৭৬ (অধ্যাদেশ নং- ৮৮) এর আওতায় সম্পাদিতব্য কার্যাবলি;

২. ক্রুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানী;

৩. ক্রুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পন্য সামগ্রী উৎপাদন।

৪. রিফাইনারী বা শোধনাগার এবং অন্যান্য সহায়ক সুযোগ-সুবিধা বা অবকাঠামো স্থাপন।

৫. বেজ ষ্টক বা কাঁচামাল, আবশ্যকীয় এ্যাডিটিভস এবং অপরাপর রাসায়নিক পদার্থ এবং লুব্রিকেন্টস ইত্যাদি সহ লুব্রিক্যাটিং পণ্যাদি উৎপাদন।

৬. মিশ্রণসূত্রে লুব্রিকেন্টস পণ্যাদি উৎপাদন

৭. ব্যবহৃত লুব্রিকেন্টস রীসাইক্লিং বা রীড্যামপিং করণের প্লান্টসহ লুব্রিক্যাটিং প্লান্ট স্থাপন।

৮. রিফাইনারীর বর্জ্য প্রক্রিয়াজাতকরণের জন্য কার্যক্রম গ্রহণ ও অবকাঠামো স্থাপন।

৯. পেট্রোলিয়াম (ক্রুড এবং পরিশোধিত) গুদামজাতকরণের অবকাঠামো বা ফ্যাসিলিটিজ প্রতিষ্ঠার পরিকল্পনা প্রণয়ন ও স্থাপন।

১০. বিপণন কোম্পানীসমূহের মধ্যে পেট্রোলিয়াম সামগ্রীর বরাদ্দ নির্ধারণ

১১. আন্তদেশীয় অয়েল ট্যাংকার সংগ্রহ।

১২. পেট্রোলিয়াম বিপণনের ফ্যাসিলিটিজ স্থাপন ও সম্প্রসারণ।

১৩. পেট্রোলিয়াম এবং পেট্রোলিয়ামজাত পণ্যাদি রপ্তানী।

১৪. ম্যানেজিং এ্যাজেন্টস হিসাবে দায়িত্ব পালন বা যে কোন ফার্ম বা কোম্পানীর সঙ্গে যে কোন ব্যবস্থাপনার চুক্তি বা অন্য যে কোন প্রকারের চুক্তি বা কন্ট্রাক্ট সম্পাদন।

১৫. অঙ্গ প্রতিষ্ঠান সমূহের কার্যাবলীর তদারকী, সমন্বয়-সাধন ও নিয়ন্ত্রণ।

১৬. বিভিন্ন সময়ে সরকার কর্তৃক নির্দেশিত বা অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন এবং

১৭. অধ্যাদেশের লক্ষ্য সমূহ প্রতিপালনের জন্য আবশ্যকীয় অনুরূপ অন্যান্য বিষয়াদি সম্পাদন।

## সেকশন ২

### বিপিসি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল (Outcome)

| আউটকাম (Outcome) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | ভিত্তিবছর ২০১৪-১৫ | প্রকৃত* ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | মন্ত্রণালয়/বিভাগের নির্ধারিত প্রভাব অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| দেশের সর্বত্র পেট্রোলিয়াম পণ্যেরনিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ | মাথাপিছু পিওএল-এর ব্যবহার | কেজিওই (Kg Oil Equivalent) | ৩৫.০৪ | ৩৫.৭৭ | ৩৬.২৯ | ৩৬.৩৩ | ৩৭.১৯ | অর্থ বিভাগ | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন |
| | | | | | | | | পরিকল্পনা কমিশন | বিপিসি'র সেচ পুস্তিকা |
| | | | | | | | | জাতীয় রাজস্ব বোর্ড | বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যালব্যুরো ওয়েবসাইট |
| | | | | | | | | বাংলাদেশ ব্যাংক | |
| | | | | | | | | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | |
| | | | | | | | | পেট্রোবাংলা | |

*সাময়িক



সচিব

তারিখ

১

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য কর্মসম্পাদন সূচক, কার্যক্রম, অগ্রাধিকার, এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight ofPerformance Indicators) | ভিত্তিবছর (Base Year)২০১৪-১৫ (লক্ষ মে.টন) | প্রকৃত অর্জন* ২০১৫-১৬ (লক্ষ মে.টন) | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন ২০১৭-১৮ | প্রক্ষেপন ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | (লক্ষ মে.টন) | (লক্ষ মে.টন) |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিপিসি'রকৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১) ক্রুড পেট্রোলিয়াম এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানী | ৩৫ | ১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | ১.১.১) পরিশোধিত তেল আমদানি | লক্ষ মে.টন | ১৭ | ৪০.৯৬ | ৪৫.০০ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৩৬ | ৪৫.০০ | ৪৪.০০ |
| | | ১.২) ক্রুড অয়েল আমদানি | ১.২.১) ক্রুড অয়েল আমদানি | লক্ষ মে.টন | ১৩ | ১৩.০৩ | ১১.৫০ | ১২.০০ | ১১.৫০ | ১১.০০ | ১০.৫০ | ১০.০০ | ১৩.০০ | ১২.০০ |
| | | ১.৩) লোকাল উৎস হতে পরিশোধিত তেল সংগ্রহ | ১.৩.১) পরিশোধিত তেল সংগ্রহ | লক্ষ মে.টন | ৫ | ২.৪০ | ৫.১৭ | ৩.৪৫ | ৩.১০ | ২.৭৫ | ২.৪০ | ২.০০ | ৩.৭৫ | ৪.০০ |
| ২) ক্রুড পেট্রোলিয়াম শুদ্ধিকরণ এবং বিভিন্ন মানের পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্য সামগ্রী উৎপাদন | ১৫ | ২.১) ক্রুড অয়েল প্রসেসিং | ২.১.১) ক্রুড অয়েল প্রসেস | লক্ষ মে.টন | ১০ | ১২.৫২২ | ১২.৪০ | ১২.০০ | ১১.৫০ | ১১.০০ | ১০.৫০ | ১০.০০ | ১৩.৫০ | ১২.০০ |
| | | ২.২) বিভিন্ন গ্রেডের পেট্রোলিয়াম পণ্য উৎপাদন | ২.২.১) মধ্যম | লক্ষ মে.টন | ৩ | ৫.৯৪৫ | ৫.৯১ | ৫.৫০ | ৫.০০ | ৪.৭৫ | ৪.৫০ | ৪.০০ | ৬.৪৩৫ | ৫.৫০ |
| | | | ২.২.২) উচ্চ | লক্ষ মে.টন | ১ | ১.৮৯৮ | ২.০৭ | ২.১০ | ২.০০ | ১.৮০ | ১.৫০ | ১.২৫ | ২.২৫৮ | ২.২০ |
| | | | ২.২.৩) নিম্ন | লক্ষ মে.টন | ১ | ৪.৪৬৭ | ৪.২১ | ৪.৫০ | ৪.০০ | ৩.৮০ | ৩.৫০ | ৩.০০ | ৪.৫৮০ | ৪.৫০ |



সচিব

তারিখ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৪-১৫ (লক্ষ মে.টন) | প্রকৃত অর্জন* ২০১৫-১৬(লক্ষ মে.টন)জুন'১৬ পর্যন্ত | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ (লক্ষ মে.টন) | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ (লক্ষ মে.টন) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **বিপিসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ৩) পেট্রোলিয়ামজাত পণ্য গুদামজাতকরণ এবং বিপণন | ৩০ | ৩.১) পর্যাপ্ত পরিমাণ পেট্রোলিয়াম পণ্যের স্টক মেইনটেইন | ৩.১.১) ডিজেল | লক্ষ মে.টন | ৮ | ৪.১৫ | ৩.০০ | ২.৮৫ | ২.৫৫ | ২.৩০ | ২.০০ | ১.৭৫ | ৩.০০ | ৩.২৫ |
| | | | ৩.১.২) ক্রুড অয়েল | লক্ষ মে.টন | ৩ | ১.৩০ | ১.০২ | ১.৩০ | ১.২৫ | ১.১৫ | ১.১০ | ১.০০ | ১.৩০ | ১.৩০ |
| | | | ৩.১.৩) জেট-এ-১ | লক্ষ মে.টন | ২ | ০.৩৩ | ০.৪০ | ০.৩৮ | ০.৩৬ | ০.৩৪ | ০.৩২ | ০.৩০ | ০.৪০ | ০.৪২ |
| | | | ৩.১.৪) ফার্নেস অয়েল | লক্ষ মে.টন | ২ | ১.০২ | ০.৬৫ | ০.৬০ | ০.৫৫ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৬০ | ০.৬০ |
| | | | ৩.১.৫) অকটেন | লক্ষ মে.টন | ১ | ০.১৬ | ০.১১ | ০.১৫ | ০.১৪ | ০.১৩ | ০.১২ | ০.১০ | ০.১৬ | ০.১৮ |
| | | | ৩.১.৬) পেট্রোল | লক্ষ মে.টন | ১ | ০.১৮ | ০.১৬ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | ০.১২ | ০.১০ | ০.১৮ | ০.১৮ |
| | | | ৩.১.৭) কেরোসিন | লক্ষ মে.টন | ১ | ০.৩৫ | ০.৩৫ | ০.৩৫ | ০.৩০ | ০.২৮ | ০.২৫ | ০.২১ | ০.৩৫ | ০.৩৫ |
| | | | ৩.১.৮) এলপিজি | লক্ষ মে.টন | ১ | ০.০০০৫ | ০.০০ | ০.০০০৫ | ০.০০০৪ | ০.০০০৩ | ০.০০০২ | ০.০০০১ | ০.০০০৫ | ০.০০০৫ |
| | | ৩.২) পেট্রোলিয়াম পণ্য বিপণন | ৩.২.১) খুচরা কাস্টমার | লক্ষ মে.টন | ৪ | ২৫.৫০ | ১৯.৫৪ | ২৪.৫০ | ২২.০০ | ১৯.৫০ | ১৭.০০ | ১৪.৫০ | ২৫.০০ | ২৬.০০ |
| | | | ৩.২.২) সরাসরি কাস্টমার | লক্ষ মে.টন | ২ | ১৬.০০ | ১৬.৫০ | ১৭.৫০ | ১৫.৫০ | ১৪.০০ | ১২.৫০ | ১০.৫০ | ১৮.০০ | ১৮.০০ |
| | | | ৩.২.৩) এজেন্সী | লক্ষ মে.টন | ২ | ১৩.৫০ | ১৩.২৫ | ১০.০০ | ৯.০০ | ৮.০০ | ৭.০০ | ৬.০০ | ১০.৫০ | ১১.০০ |
| | | ৩.৩) মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ (ক্রম পুঞ্জীভূত) | ৩.৩.৩) মজুদ ক্ষমতা বৃদ্ধি (ক্রম পুঞ্জীভূত) | লক্ষ মে.টন | ৩ | ১১.৬৩ | ১২.১৩ (+০.৫০) | ১২.২৮ (+০.১৫) | ১২.২৭ (+০.১৪) | ১২.২৬ (+০.১৩) | ১২.২৫ (+০.১২) | ১২.২৩ (+০.১০) | ১২.৭৮ (+০.৫০) | ১৩.২৮ (+০.৫০) |



সাচব তারিখ

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান/২০১৬-১৭ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | ৬ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগেদাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ১২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদনদাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারী | ২৩ জানুয়ারী | ২৪ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ২৬ জানুয়ারী |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |



সচিব তারিখ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান/২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |



সচিব

তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর চেয়ারম্যান হিসাবে আমি, জ্বালানী ও খনিজ সম্পদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

| | |
|---|---|
| চেয়ারম্যান | ২৭-০৬-১৬<br>তারিখ |

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

| | |
|---|---|
| সচিব | ২৭-০৬-২০১৬<br>তারিখ |

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

সংযোজনী -১

# আদ্যক্ষরা (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরা | বিবরণ |
|---|---|---|
| ১ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ২ | মে.টন | মেট্রিক টন |
| ৩ | এলপিজি | লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস |
| ৪ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি |
| ৫ | পিওএল | পেট্রোলিয়াম, অয়েল এন্ড লুব্রিকেন্টস্ |
| ৬ | জিআরএস | গ্রিভেন্স রিড্রেস সিস্টেম |
| ৭ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল |
| ৮ | কেজিওই | কিলোগ্রাম অয়েল ইকুইভ্যালেন্ট |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/ | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | স্থানীয় উৎপাদন দেশের চাহিদা পূরণ করতে পারে না বিধায় পরিশোধিত জ্বালানী তেল আমদানি করতে হয়। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন | |
| ২ | ক্রুড অয়েল আমদানি | ক্রুড অয়েলের স্থানীয় কোন উৎস না থাকায় তা আমদানি করতে হয়। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | মজুদক্ষমতা বৃদ্ধিকরণ | দৈনিক চাহিদা পূরণের জন্য জ্বালানী তেলের পর্যাপ্ত পরিমান সরবরাহ অত্যন্ত জরুরী। নিরবিচ্ছিন্ন জ্বালানী তেল সরবরাহের লক্ষ্যে মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ প্রয়োজন। | বিপিসি | বিপিসি'র বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী-৩: কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয় বিভাগের নিকট/সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| সংস্থার ধরণ | সংস্থার নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের চাহিদা/ | চাহিদা প্রত্যাশার/ যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | অনুমোদন | প্রশাসনিক ও আর্থিক অনুমোদন | সরকারি নীতি | অনুমোদন | কার্যক্রম ব্যাহত হবে। |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | অনুমোদন | আর্থিক বন্টন | সরকারি নীতি | অনুমোদন | কার্যক্রম ব্যাহত হবে। |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | অনুমোদন | ডিপিপি অনুমোদন | সরকারি নীতি | অনুমোদন | প্রজেক্ট বাস্তবায়িত হবে না। |
| রেলওয়ে বিভাগ | বাংলাদেশ রেলওয়ে | পরিবহন | রেলযোগে পেট্রোলিয়াম পণ্য পরিবহন | রেলহেড ডিপোতে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | রেলওয়ে ওয়াগনের সহজলভ্যতা নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে। |
| শিপিং | বিআইডব্লিউটিএ ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | অভ্যন্তরীণ পরিবহন ও আমদানিতব্য পণ্য গ্রহণ | নদীপথে পরিবহন এবং বন্দর ও জেটি সুবিধা | নদীপথে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | নদীপথে নাব্যতা নিশ্চিতকরণ এবং অনুমোদনীয় গভীরতা বজায় রাখা | পরিবহন ব্যাহত হবে এবং পেট্রোলিয়াম পণ্য আমদানি ব্যাহত হবে। |